

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১১৩.২০১২-৭২০

তারিখ : ০৪ জুন ২০১৭

বিষয়: সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলা পরিষদ কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে ০৬(ছয়) একর জমি/ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ বরাদ্দ প্রদান।

সূত্র-১: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১১৩.২০১২-৫৫৭; তারিখ: ১৮ এপ্রিল, ২০১৬।

সূত্র-২: জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর স্মারক নং ০৫.৫.৮৮০০.০০৫.৩৩.০০৯.১৩-২৫১/১(২); তারিখ: ০৪ মে ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলা পরিষদ নদীগর্ভে বিলীন হওয়ায় উপজেলা পরিষদ কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে উক্ত উপজেলার চরকোদালিয়া মৌজায় জে,এল নং-৮৯ এর ০৬.০০ (ছয়) একর জমি/ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন দেয়া হয় (সংযুক্তি-১)। অনুমোদনকৃত উক্ত ০৬(ছয়) একর জমি/ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ ২,৯৫,৮৫,১২০/৪০(দুই কোটি পঁচানব্বই লক্ষ পঁচাশি হাজার একশত বিশ টাকা চল্লিশ পয়সা) টাকা বরাদ্দ প্রদানের জন্য ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কর্তৃক অনুরোধ করা হয়।

২। এমতাবস্থায়, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে ০৬(ছয়) একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত ক্ষতিপূরণ বাবদ ২,৯৫,৮৫,১২০/৪০-(দুই কোটি পঁচানব্বই লক্ষ পঁচাশি হাজার একশত বিশ টাকা চল্লিশ পয়সা) বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অর্থ বিভাগকে অনুরোধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :পাতা।

J.M. in
০৪/০৬/২০১৭

(ড. জুলিয়া মঈন)

উপসচিব

ফোন : ৯৫৬২২৪৭

উপসচিব

বাজেট অধিশাখা

স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।